


## দুই মাসে সফটওয়্যার রফতানি আয় ২ কোটি ৭ লাখ ডলার

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ চলতি অর্থবছরের প্রথম দুই মাসে সফটওয়্যারের রফতানির পরিমাণ দাঁড়িয়েছে ২ কোটি ৭ লাখ ১০ হাজার মার্কিন ডলারে। রফতানি উন্নয়ন ব্যুরোর ২০১৩-১৪ অর্থবছরের প্রথম প্রান্তিকের প্রতিবেদনে পাওয়া গেছে এ তথ্য। অন্য সব পণ্যের ক্ষেত্রে জুলাই-সেপ্টেম্বর তিন মাসের তথ্য দেয়া হলেও সফটওয়্যারের তথ্য পাওয়া গেছে শুধু জুলাই-আগস্ট দুই মাসের। সেই তথ্যের ভিত্তিতেই দেখা গেছে গত বছরের একই সময়ের তুলনায় এই আয়ের পরিমাণ ৯৫ দশমিক ৭৫ শতাংশ বেশি। গত বছর প্রথম তিন মাসের শেষে এ আয় দাঁড়িয়েছিল ১ কোটি ৫ লাখ ৮০ হাজার ডলার। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেসের (বেসিস) সভাপতি শামীম আহসান এ বিষয়ে বলেন, সফটওয়্যার খাতটি আগের চেয়ে অনেক বেশি দক্ষতা অর্জন করেছে। তাছাড়া নতুন উদ্যোক্তা যেমন এসেছে, তেমনি বিদেশীদের আস্থাও বেড়েছে আমাদের ওপর। সে কারণে রফতানির পরিমাণ বাড়ছে। তিনি বলেন, যদিও এ বছর সফটওয়্যার রফতানি থেকে আয়ের লক্ষ্যমাত্রা ১৫ কোটি ৪৪ লাখ ৫০ হাজার ডলার, কিন্তু আমরা তার চেয়েও অনেক বেশি আয় এনে দিতে পারব। এবার আয় বাড়লেও তিন মাসের লক্ষ্যমাত্রা কিন্তু পূরণ করা সম্ভব হয়নি। তিন মাসের শেষে এ খাতে আয়ের লক্ষ্য ছিল ৩ কোটি ৬৮ লাখ ৭০ হাজার ডলার। আর আগস্ট মাসের শেষে যা ছিল ২ কোটি ৬০ লাখ ডলার। গত ২০১২-১৩ অর্থবছর শেষে আয় দাঁড়িয়েছিল ১০ কোটি ১৬ লাখ ৩০ হাজার ডলার। সেখানে লক্ষ্য ছিল সাড়ে ৮ কোটি ডলার। বেসিস সভাপতি বলেন, ২০১৮ সালের মধ্যে এক বছরে ১ বিলিয়ন ডলার আয়ের লক্ষ্য আমাদের। কিন্তু যেভাবে সবকিছু এগুচ্ছে তাতে তার আগেই আমরা এ লক্ষ্য অর্জন করতে পারব বলে মনে করি। এদিকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান বলেন, গত বছর আমরা ফ্রিল্যান্সারদের মাধ্যমে ২ কোটি ডলার দেশে আনতে পেরেছি। এবার সেটি ৩ কোটি ৬০ লাখ ডলার পেরিয়ে যাবে আশা করি। এই হিসাব নিলে সব মিলে সফটওয়্যার খাত থেকে ২০১৩-১৪ অর্থবছরে রফতানি আয় ২০ কোটি ডলার পেরিয়ে যাবে ◆

## আইটিইউর তথ্যপ্রযুক্তি প্রতিবেদনে ৪ ধাপ উন্নতি বাংলাদেশের

*কমপিউটার জগৎ ডেস্ক* ॥ আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন্স ইউনিয়নের (আইটিইউ) তথ্যপ্রযুক্তি উন্নয়ন বিষয়ক প্রতিবেদনে চার ধাপ উন্নতি হয়েছে বাংলাদেশের। তবে দক্ষিণ এশিয়ার মধ্যে এখনও শ্রীলঙ্কা, ভারত এবং পাকিস্তানের পেছনে বাংলাদেশের অবস্থান। ২০১২ সালের ডিসেম্বর পর্যন্ত তথ্যের ভিত্তিতে 'আইসিটি ডেভেলপমেন্ট' বিষয়ক এ প্রতিবেদনটি তৈরি করেছে আইটিইউ। গত চার বছর ধরে এ প্রতিবেদন প্রকাশ করছে সংগঠনটি। সর্বশেষ প্রতিবেদনে ১৫৭ দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৩৫তম। ২০১১ সালে অবস্থান ছিল ১৩৯তম। শ্রীলঙ্কা তাদের আগের অবস্থান (১০৭তম) ধরে রেখেছে। ভারত ও পাকিস্তান একধাপ পিছিয়ে যথাক্রমে ১২১তম এবং ১২৯তম অবস্থানে নেমে গেছে। পাশের দেশ মিয়ানমারও (১৩৪তম) বাংলাদেশের সামনে রয়েছে। সব মিলিয়ে চারটি ক্ষেত্রে ১০ পয়েন্টের মধ্যে বাংলাদেশের অর্জন ১ দশমিক ৭৩। আগের বছর এটি ছিল ১ দশমিক ৬২। প্রতিবেদন অনুসারে, চার ধাপ এগিয়ে আসার কারণে বাংলাদেশ আইটিইউর 'মোস্ট ডায়নামিক কান্ট্রিজ' তালিকায় যুক্ত হতে পেরেছে। সমান চার ধাপ করে এগোতে পেরেছে অস্ট্রেলিয়া, ওমান এবং জিম্বাবুয়ে। অন্যদিকে আরব আমিরাত এগিয়েছে ১২ ধাপ। এতে বলা হয়েছে, গত বছরের ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশের ১৪ লাখ ২০ হাজার, যা মোট জনসংখ্যার দশমিক ৯০ শতাংশ। আর যুবসমাজের ৪ দশমিক ৭ শতাংশ। এর বাইরে ব্রডব্যান্ড, ফিক্সড ইন্টারনেটকেও গুরুত্ব দিয়ে বিবেচনা করেছে আইটিইউ ◆

## ভারতের সাথে বিদ্যুৎ সংযোগ বাড়াতে পারে ইন্টারনেট সুবিধাও

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ ভারতের সাথে বিদ্যুৎ সংযোগের জন্য চালু হওয়া আন্তঃসীমান্ত গ্রিড বাংলাদেশের গ্রাহকদের জন্য ইন্টারনেট সংযোগের দুয়ারও অবারিত করে দিতে পারে। গ্রিডের অপটিক্যাল ফাইবার ব্যবহার করে উভয় দেশের মধ্যে ইন্টারনেট সংযোগ চালু করা সম্ভব বলে মনে করছেন সংশ্লিষ্ট বিশেষজ্ঞেরা। ইন্দো-বাংলা বিদ্যুৎ সঞ্চালনের দীর্ঘ গ্রিডের অপটিক্যাল ফাইবার ব্যবহারকে সুযোগ হিসেবে দেখছেন অনেকেই। তাদের মতে, উভয় দেশের পাওয়ার গ্রিড কোম্পানি তাদের ফাইবার ভাড়া দিয়ে এ সংযোগ স্থাপনে সুযোগ করে দিতে পারে। ইতোমধ্যে প্রতিবেশী দেশ দুটির মধ্যে ব্যান্ডউইডথ সংযোগের কাজ করছে ছয়টি ইন্টারন্যাশনাল টেরিস্ট্রিয়াল ক্যাবল লিঙ্ক। এর মাধ্যমে ভারত থেকে অন্তত ১৫ গিগাবাইট ব্যান্ডউইডথ আমদানি করা হচ্ছে। ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার অ্যাসোসিয়েশনের (আইএসপিএবি) জ্যেষ্ঠ সহ-সভাপতি সুমন আহমেদ সাবির বলেন, এ সংযোগ আমাদের জন্য নতুন সুযোগ করে দিতে পারে। এটি দুই দেশের মধ্যে ইন্টারনেট ব্যান্ডউইডথ দেয়া-নেয়ার আরেকটি বিকল্প মাধ্যম হিসেবে কাজ করতে পারে। তিনি বলেন, কারিগরি দিক বিবেচনায় এ সংযোগ স্থাপন খুবই সহজ। এতে উভয় দেশের ইন্টারনেট ব্যবসায়ী ও ব্যবহারকারীদের সাথে নিরাপদ এবং কম খরচে যোগাযোগ স্থাপন করা যাবে। জানা গেছে, সম্প্রতি ফাইবার অ্যাট হোম ছাড়াও আরও একটি ট্রান্সমিশন কোম্পানি সামিট কমিউনিকেশন্স পিজিসিবি থেকে ২১০টি উপজেলায় সংযোগ স্থাপনের জন্য ৩ হাজার ৮০০ কিলোমিটার লাইনের ফাইবার অপটিক ১৫ বছরের জন্য ভাড়া নিয়েছে। গত ৫ অক্টোবর দুই দেশের প্রধানমন্ত্রী বিদ্যুৎ সঞ্চালনে স্থাপিত গ্রিড লাইন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। ইতোমধ্যে বিদ্যুৎ আমদানি শুরু হয়েছে। ভারত থেকে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির জন্য বাংলাদেশ দীর্ঘমেয়াদি চুক্তি করেছে ◆

## পানির নিচে ওয়াইফাই পরীক্ষা

আকাশে ইন্টারনেট ব্যবহারের খবর এখন পুরনো। এবার গভীর সমুদ্রে তারবিহীন ইন্টারনেট সংযোগ পদ্ধতি উদ্ভাবনের চেষ্টার মাধ্যমে নতুন সংবাদ তৈরির চেষ্টা চলছে। এ কাজে সফল হতে গবেষকেরা একটি লেকে পানির নিচে ওয়াইফাই নেটওয়ার্কের পরীক্ষা চালিয়েছেন। এ গবেষণার সাথে যুক্ত নিউইয়র্কের বাফেলো বিশ্ববিদ্যালয়ের গবেষকেরা জানান, এ প্রযুক্তি সুনামি চিহ্নিত করতে সক্ষম হবে। এতে দুর্যোগের সময় অধিকতর নির্ভরযোগ্য সতর্কতা ব্যবস্থা গড়ে তোলার পথ সুগম হবে। এ দলটি পানির মধ্যে যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্র তৈরির মাধ্যমে একে অপরের সাথে যোগাযোগ ও ডাটা দেয়া-নেয়া সহজ করার চেষ্টা চালাচ্ছে। স্বাভাবিক ওয়াইফাইয়ের ক্ষেত্রে রেডিও তরঙ্গ ব্যবহার করা হয়। আর পানির নিচের নেটওয়ার্কের জন্য শব্দতরঙ্গ প্রযুক্তি ব্যবহার করা হয়। রেডিও তরঙ্গ পানির নিচে কাজ করলেও এটির রেঞ্জ ও স্থায়িত্ব অনেক কম। শব্দতরঙ্গ এ ক্ষেত্রে অধিকতর ভালো উপায় বলে মনে করা হচ্ছে। যেমনটি বিভিন্ন জলজ প্রাণী ও ডলফিন নিজেদের যোগাযোগের ক্ষেত্রে ব্যবহার করে থাকে। বিশ্লেষকদের মতে, পানির নিচে তারবিহীন যোগাযোগ কিছু সময়ের জন্য করা সম্ভব হলেও তা পৃথক সিস্টেমের বিভিন্ন সংস্থার ব্যবহারকারীদের মধ্যে তথ্য দেয়া-নেয়ায় সমস্যা তৈরি করে। বাফেলোর কাছে লেক এরিকে এ পরীক্ষা চালানো হয়। দলটি পানির নিচে ১৮ কেজি ওজনের সেন্সর স্থাপন করে ল্যাপটপের মাধ্যমে তথ্য স্থানান্তর করতে সক্ষম হয় ◆

## এলটিইর অনুমোদন পেল বাংলালায়ন

দেশের শীর্ষ ওয়াইম্যাক্স অপারেটর বাংলালায়ন উচ্চগতির ইন্টারনেট সেবা দিতে চতুর্থ প্রজন্মের এলটিই (লং টার্ম ইভ্যালুয়েশন) প্রযুক্তি আমদানির অনুমোদন পেয়েছে। সম্প্রতি টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বিটিআরসি কোম্পানিটিকে এ অনুমোদন দিয়েছে। এর আগে সেপ্টেম্বরের দ্বিতীয় সপ্তাহে অপর ওয়াইম্যাক্স অপারেটর কিউবি একই অনুমোদন পায়। এলটিই প্রযুক্তি আমদানির জন্য দুটি অপারেটর কমিশনের কাছ থেকে অনাপত্তিপত্র (এনওসি) পেলেও তারা বকেয়া সব টাকা পরিশোধের পরই শুধু নতুন এ প্রযুক্তি আমদানি করতে পারবে। বিটিআরসি চেয়ারম্যান সুনীল কান্তি বোস এ প্রসঙ্গে বলেন, বাংলালায়নকে শর্তসাপেক্ষে এলটিই প্রযুক্তি আমদানির জন্য অনুমোদন দেয়া হয়েছে। বাকিটা এখন তাদের হাতে। এর আগে মোবাইল ফোন অপারেটরগুলোও থ্রিজি লাইসেন্সের সাথে এলটিই প্রযুক্তি ব্যবহারের অনুমোদন পেয়েছে। তবে মোবাইল ফোন অপারেটরগুলো কবে থেকে এ প্রযুক্তি চালু করতে পারবে তা কেউ জানাতে পারেনি। গত বছর শেষের দিকে এলটিইর জন্য আবেদন করে বাংলালায়ন। একই সাথে তারা আরও কিছু স্পেকট্রামও চায়। বর্তমানে অপারেটরটির হাতে ৩৫ মেগাহার্টজ স্পেকট্রাম রয়েছে। তবে গ্রাহকসংখ্যা সন্তুষ্টিজনক না হওয়ায় তাদের ওই আবেদনে সাড়া দেয়নি বিটিআরসি বলে জানান সুনীল কান্তি। আগস্ট মাসের সর্বশেষ হিসেবে বাংলালায়নের গ্রাহক ১ লাখ ৮৩ হাজার ৯৮০। আর কিউবির গ্রাহক ১ লাখ ৩১ হাজার ৩১৭। সংশ্লিষ্টরা জানান, এলটিই সেবা পেতে গ্রাহকদের মডেম এবং ডিভাইস পরিবর্তন করতে হবে। এর আগে চলতি বছরের এপ্রিল মাসের দিকে ওলে দেশে এলটিই যন্ত্রপাতি আমদানি করে। যদিও তাদের এলটিই বা ওয়াইম্যাক্সের কোনো লাইসেন্স ছিল না। এরপর তারা ওয়াইম্যাক্সের জন্য আবেদন করে ◆

## গুগল বিজ্ঞাপনে দেখা যাবে আপনার ছবি!

নিজের ভালো লাগা থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত কোনো বিজ্ঞাপন অনেকেই শেয়ার করে থাকেন। এখন থেকে গুগলে অনুমোদিত এসব বিজ্ঞাপনে কেউ শেয়ার করলে তাতে ব্যবহারকারীর নাম, ছবি ও মন্তব্য যোগ করার ঘোষণা দিয়েছে টেক জায়ান্ট এ কোম্পানি। জনপ্রিয় সামাজিক মাধ্যম ফেসবুকের সাথে মিল রেখে নতুন এ পণ্য ছাড়ার পরিকল্পনার কথা জানিয়েছে গুগল। সম্প্রতি শীর্ষ সার্চ ইঞ্জিন কোম্পানিটির পক্ষ থেকে নতুন এ সেবা নীতি চালুর সংশোধিত শর্তের ঘোষণা দেয়া হয় ◆

## ব্র্যাক ইউনিভার্সিটিতে আসুসের রোড শো

গ্লোবাল ব্র্যান্ডের আয়োজনে গত ৬ অক্টোবর ব্র্যাক ইউনিভার্সিটির মহাখালী ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় দুই দিনের আসুস রোড শো। ইউনিভার্সিটি ক্যাম্পাসভিত্তিক এ রোড শো-তে আসুসের নোটবুক ও ট্যাবলেট পিসি প্রদর্শিত হয়। এতে




ছাত্রছাত্রী বা দর্শণার্থীদের জন্য ছিল আসুস পণ্য পরিচিতি, পাজল গেম খেলা, ফেসবুকে গেম খেলা ও ক্যুইজ প্রতিযোগিতার মাধ্যমে উপহার জেতা। মূলত ছাত্রছাত্রী বা তরুণ প্রজন্মদের আসুস পণ্য পরিচিতি ও পণ্য ক্রয়ে অনুপ্রাণিত করাই ছিল এ প্রচারমূলক কার্যক্রমের উদ্দেশ্য ◆

## ফোন ব্যবহারে এগিয়ে তরুণরা

বিভিন্ন প্রযুক্তিপণ্যের বিজ্ঞাপনে প্রায়ই দেখা যায়, বয়স্ক ব্যক্তিরা তাদের ফোন ও ট্যাবলেটে স্কাইপ ব্যবহার করে নাতি-নাতনিদের সাথে কথা বলছেন। কিন্তু বাস্তব চিত্রটা ভিন্ন বলে উঠে আসে নতুন এক জরিপে। স্ট্যাটিস্টা নামে এক প্রতিষ্ঠানের চালানো এ জরিপে জানানো হয়, ৬৫ বছরের বেশি বয়সী ব্যক্তিদের মধ্যে স্মার্টপ্রযুক্তি ব্যবহারের হার বেশ কম। মার্কিন তরুণদের ৪০ শতাংশই যেখানে ভিডিও চ্যাটে অভ্যস্ত, সেখানে বয়স্ক ব্যক্তিদের মাত্র ৩ শতাংশ এ প্রযুক্তি ব্যবহার করে। জরিপে দেখা গেছে, ১৮ থেকে ২৯ বছর বয়সী আমেরিকানদের ৮৪ শতাংশই ইন্টারনেট ব্যবহার করে, যেখানে ৬৫ বছরের বেশি বয়সীদের মাত্র ১৯ শতাংশ ইন্টারনেট ব্যবহার করে। এছাড়া ৭৩ শতাংশ টিনএজার ও তরুণ ই-মেইল দেয়া-নেয়া করে, কিন্তু বয়স্ক ব্যক্তিদের মাত্র ১৭ শতাংশ এটি ব্যবহার করে। সার্বিকভাবে স্মার্টফোন ব্যবহার ও অ্যাপ ডাউনলোডের দিক দিয়েও ১৮ থেকে ২৯ বছর বয়সীরা অনেক এগিয়ে। এমনকি ৯৭ শতাংশ কিশোর ও তরুণ যেখানে যোগাযোগের মাধ্যম হিসেবে টেক্সট মেসেজ ব্যবহার করে, সেখানে বৃদ্ধদের মধ্যে মেসেজ ব্যবহারের হার মাত্র ৩৫ শতাংশ। এছাড়া সেলফোন ব্যবহার করে গান শোনে ৮০ শতাংশ তরুণ। অথচ বৃদ্ধদের শুধু ৮ শতাংশ এভাবে গান শোনে ◆

## রেডহ্যাট ভার্চুয়ালাইজেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্সের ভার্চুয়ালাইজেশন কোর্সে শুক্র ও শনিবার ব্যাচে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার এ প্রশিক্ষণে অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া হবে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## এবার বিক্রির তালিকায় ব্ল্যাকবেরি

শীর্ষস্থানীয় মোবাইল ফোন প্রস্তুতকারক ব্ল্যাকবেরি স্মার্টফোন ব্যবসায় খুব একটা সুবিধা করতে পারছে না। ক্রমাগত লোকসান এড়াতে এ ব্যবসায় থেকে নিজেদের গুটিয়ে নেয়ার চিন্তাভাবনা করছে তারা। এরই অংশ হিসেবে ইতোমধ্যে বিক্রির আলোচনা শুরু করেছে কোম্পানিটি। কয়েক দিন আগে নোকিয়াও হাল ছেড়ে দিয়ে মাইক্রোসফটের কাছে বিক্রি করে দিয়েছে স্মার্টফোন ব্যবসায়। বার্তা সংস্থা রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছে, কানাডিয়ান এ কোম্পানিটি আংশিক কিংবা পূর্ণাঙ্গরূপে বিক্রি হতে পারে। ব্ল্যাকবেরি কিনতে আগ্রহীর সংখ্যাও কম নয়। জায়ান্ট সব কোম্পানি ইতোমধ্যে আলোচনা শুরু করেছে। এর মধ্যে রয়েছে গুগল, সিসকো সিস্টেম এবং এসএপি। এমনকি আগ্রহীদের তালিকায় নাম উঠে এসেছে ইন্টেল, এলজি এবং স্যামসাংয়ের মতো প্রতিষ্ঠানেরও। অবশ্য এসব কোম্পানির কেউ এ বিষয়ে এখনও মুখ খোলেনি। গত মাসে প্রকাশিত তথ্যানুযায়ী, সর্বশেষ প্রান্তিকে ১ বিলিয়ন ডলার লোকসানের পর ব্ল্যাকবেরির ব্যবসায় গুটিয়ে ফেলা নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে। বিশাল এ লোকসানের পেছনে রয়েছে সর্বশেষ স্মার্টফোন জেড-১০ বিক্রি না হওয়া। এ কারণে সম্ভাব্য ক্রেতারাও কিছুটা সংশয়ে থাকায় সতর্কতার সাথে এগুচ্ছে। এরপরও ব্ল্যাকবেরির নিরাপদ সার্ভার নেটওয়ার্ক এবং বিভিন্ন পণ্যের প্যাটেন্ট ক্রেতাদের আগ্রহের কেন্দ্রবিন্দুতে রয়েছে বলে জানা গেছে। রয়টার্সের প্রতিবেদন অনুসারে, এ পরিস্থিতিতে এখন আগ্রহী কোম্পানিগুলোর সাথে দরকষাকষি চলছে। বাজার বিশ্লেষকদের মতে, কোম্পানির এসএমএস সিস্টেমের বাজারমূল্য ৩০০ থেকে ৪৫০ কোটি ডলার। প্যাটেন্টের দাম ২০০ থেকে ৩০০ কোটি ডলার। আর প্রতিষ্ঠানটিতে বিনিয়োগের পরিমাণ ৩১০ কোটি ডলার ◆

## ডেলের ইন্সপাইরন সিরিজের নতুন ল্যাপটপ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ডেল ব্র্যান্ডের ইন্সপাইরন ১৪-৩৪২১ মডেলের নতুন ল্যাপটপ। হালকা-পাতলা গড়নের এ ল্যাপটপটিতে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির তৃতীয় প্রজন্মের কোরআই৫ আল্ট্রা লো ভোল্টেজ প্রসেসর। রয়েছে ৪ জিবি র‍্যাম, ৭৫০ জিবি হার্ডডিস্ক, ১৪ ইঞ্চি ডিসপ্লে, ২ জিবি ভিডিও মেমরির এনভিডিয়া জিফোর্স জিটি৭৩০এম গ্রাফিক্স, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, থ্রিডি অডিও, স্টেরিও স্পিকার, ওয়্যারলেস ল্যান, ডিজিটাল মাইক্রোফোন, ইউএসবি ৩.০ পোর্ট, এইচডিএমআই পোর্ট প্রভৃতি। ল্যাপটপটির সাথে রয়েছে সুদৃশ্য ব্যাগ। দাম ৪৯ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯০৬ ◆


## অনলাইন ভিডিওর কাছে মার খাচ্ছে টিভি

টিভির দিন বুঝি ফুরাতে চলেছে। নিত্যনতুন প্রযুক্তির কাছে টিভির সোনালি দিন যেনো অতীত হতে বসেছে। নতুন প্রজন্মের মধ্যে টিভি দেখার হার কমছে। এর বিপরীতে বাড়ছে অনলাইনে ভিডিও দেখার হার। নিউইয়র্ক টাইমসের সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, টিভির চেয়ে অনলাইনে ভিডিও দেখার হার বেড়েছে ৩৪ শতাংশ। জরিপের তথ্যানুযায়ী, এক হাজারে তিনজনের মধ্যে একজন টিভি দেখার চেয়ে অনলাইন ভিডিও দেখতে পছন্দ করে। অনেক ক্ষেত্রে এরা টিভি দেখেও না। আর ১৮ থেকে ৩৪ বছর বয়সীদের মধ্যে ৫০ শতাংশ দিনে অন্তত একবার অনলাইনে ভিডিও দেখে থাকে। অন্যদিকে ৮৯ শতাংশ অনলাইন ব্যবহারকারী সপ্তাহে অন্তত একদিন ভিডিও দেখে। জরিপে দেখা গেছে, অনলাইনে ভিডিও দেখে এমন ব্যক্তির মধ্যে ২৫ শতাংশ এক বছর আগের চেয়ে কম টিভি দেখছে। এর কারণ হিসেবে ৫৬ শতাংশ ব্যক্তি জানায়, যখন খুশি তখন অনলাইনে ভিডিও দেখার সুবিধা রয়েছে। বহনযোগ্য হওয়ায় মোবাইলে বা অন্য কোনো ডিভাইসে চাইলেই ভিডিও দেখে নেয়া যায়। টিভির ক্ষেত্রে যেটা সম্ভব নয়। ৪৯ শতাংশ অনলাইনে একসাথে কোনো অনুষ্ঠানের একাধিক পর্ব দেখার সুবিধার কথা বলেছে। ৮৪ শতাংশ ব্যক্তি জানায়, গত বছরের চেয়ে এখন তারা আগের চেয়ে অনেক বেশি সময় অনলাইনে ভিডিও দেখছে। তবে পর্দার সুবিধার কারণে এবং পরিবারের সদস্য বা বন্ধুদের সাথে বসে দেখা যায় বলে টিভির কদর খুব বেশি কমবে না ◆

## আইফোনের জন্য সন্তান বিক্রি!

সন্তানের চেয়েও চীনা এক দম্পতির কাছে যেনো আইফোন বেশি প্রিয়। শুনতে খারাপ লাগলেও তারা দামি এ মোবাইল ফোন কিনতে তাদের কন্যাশিশুকে বিক্রি করেছেন বলে অভিযোগ উঠেছে। বেকার এ দম্পতিকে এজন্য বিচারের মুখোমুখি হতে হবে বলে চীনা এক গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। আইফোন ছাড়াও তারা বিলাসী পণ্য ক্রয়ে তাদের সদ্যজাত শিশু বিক্রির ৫ হাজার ডলার ব্যয় করেছে। চীনে আইফোনের ক্রেজ অবশ্য নতুন কিছু নয়। গত বছর আগস্টেও এক শিক্ষার্থী আইফোন ও আইপ্যাড কিনতে নিজের কিডনি বিক্রি করে দিয়েছিলেন। এর সাথে জড়িত থাকায় ওই সময় সাতজনের কারাদণ্ড হয়। সাংহাইয়ের জিংফাং পত্রিকায় প্রকাশিত এ প্রতিবেদনের খবর প্রায় সব পশ্চিমা গণমাধ্যমে সম্প্রতি প্রকাশ করা হয়েছে। ঝাং ও তেং দম্পতি গত জুনে ৫ হাজার ডলারের বিনিময়ে তাদের হবু সন্তান বিক্রির জন্য অনলাইনে বিজ্ঞাপন দেয়। সম্প্রতি তাদের বাড়িতে এ সন্তান ভূমিষ্ট হওয়ার পর তা বিক্রি করে দেয়। এ অভিযোগের বিষয়ে দেশটির সরকারি কৌঁসুলিরা জানান, বিক্রির পর অনলাইনে আইফোন, জুতাসহ অন্যান্য বিলাসী পণ্য কিনতে তারা এ অর্থের বেশিরভাগ খরচ করেছে। ওই দম্পতির ব্যাংক হিসাব ও ক্রেডিট কার্ডের লেনদেনেও এর প্রমাণ রয়েছে। অভিযোগ প্রমাণিত হলে এ দম্পতির দীর্ঘমেয়াদের কারাদণ্ড মওকুফ হতে পারে ◆

## আসুসের টাইচি সিরিজের আল্ট্রাবুক



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের টাইচি৩১ মডেলের ডুয়াল স্ক্রিনের আল্ট্রাবুক। নোটবুক ও ট্যাবলেট পিসির সংমিশ্রণের এ আল্ট্রাবুকটিতে রয়েছে ১৩.৩ ইঞ্চির ডুয়াল ডিসপ্লে। এটি নোটবুক, ট্যাবলেট, মিরর ও ডুয়াল স্ক্রিন এ চারটি মোডে ব্যবহার করা যায়। ডিসপ্লেকে ডকিং কিবোর্ডের সাথে ভাঁজ করে ট্যাবলেট পিসি হিসেবে ব্যবহার করা যায়। মিরর মোডে দুই পাশের ডিসপ্লেতে একই চিত্র প্রদর্শিত ও অ্যাপ্লিকেশন চালিত হয়। তাই প্রজেক্টরের মতো প্রেজেন্টেশন বা মুভি বিভিন্ন অবস্থানে বসে একই সাথে উপভোগ করা যায়। এর ভিউয়িং অ্যাঙ্গেল ১৭৮ ডিগ্রি। তাই কোনো অসুবিধা হয় না। ডুয়াল স্ক্রিন মোডে দুই পাশে দুইজন ব্যবহারকারী একটিকে নোটবুক ও অপরটিকে ট্যাবলেট পিসি হিসেবে একই সাথে আলাদা আলাদা অ্যাপ্লিকেশন ব্যবহার করতে পারেন। মাত্র ১.৫৬ কেজির এ আল্ট্রাবুকটিতে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির ইন্টেল কোরআই৫ প্রসেসর, ৪ জিবি র‌্যাম, ১২৮ জিবি এসএসডি হার্ডডিস্ক, বিল্ট-ইন গ্রাফিক্স, ৮০২.১১বি/জি/এন ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ, ওয়েবক্যাম, ইউএসবি ৩.০ পোর্ট, মেমরি কার্ড রিডার, ভিজিএ পোর্ট, মাইক্রো এইচডিএমআই পোর্ট প্রভৃতি। উইন্ডোজ ৮ অপারেটিং সিস্টেমসহ নোটবুকটির দাম ১ লাখ ৩৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২ ◆

## ফেসবুকে গোপন আর গোপন থাকবে না

জনপ্রিয় সামাজিক মাধ্যম ফেসবুকে এতদিন নিজেকে আড়াল করে রাখার একটা সুযোগ ছিল। তবে এতদিন যারা নিজেদের লুকিয়ে রেখেছিলেন তাদের দিন শেষ। ব্যবহারকারীর প্রোফাইল গোপন রাখার যে ফিচারটি ছিল তা বন্ধের সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। ফেসবুকের সার্চে নতুন একটি সংযোজনের ফলে এ সুবিধা বাতিল হয়ে যাচ্ছে। এ সুবিধা এখনও যারা ব্যবহার করছেন তাদের একটি নির্দিষ্ট বার্তা দিচ্ছে। যাতে লেখা রয়েছে খুব শিগগির এ সুবিধা বাতিল হয়ে যাবে। এ পরিবর্তনের পরও ব্যবহারকারীর ব্যক্তিগত গোপনীয়তা আগের মতোই সুরক্ষিত থাকবে বলে জানিয়েছে ফেসবুক কর্তৃপক্ষ। মূলত নিজেদের ফেসবুক কার্যক্রম অপরিচিতদের কাছে গোপন রাখতে কিংবা ফ্রেন্ড রিকোয়েস্টের ঝামেলা এড়াতে নিজের আইডি লুকিয়ে রাখতে পারতেন। প্রাইভেসি সেটিং থেকে চাইলে ব্যবহারকারী নিজের বিভিন্ন তথ্যের পাশাপাশি সার্চে নিজের নাম লুকিয়ে রাখতেন। কেউ নির্দিষ্ট করে সার্চ দিলেও তার প্রোফাইল দেখা যেত না। এ সুবিধা ব্যবহারকারীর সংখ্যা অনেক কম হওয়ায় তা বন্ধ করে দেয়া হচ্ছে। গত বছরও এটি বাতিল করার কথা জানিয়েছিল ফেসবুক কর্তৃপক্ষ ◆

## সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে

আইবিসিএস-প্রাইমেক্সে সিসিএনএ ও সিসিএনপি কোর্সে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়। কোর্স শেষে অনলাইন সার্টিফিকেশন পরীক্ষার ব্যবস্থা আছে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## এক বছর পর লাইসেন্স ফি দিল টেলিটক

এক বছরেরও বেশি সময় ধরে তৃতীয় প্রজন্মের (থ্রিজি) মোবাইল সেবা দেয়ার পর অবশেষে লাইসেন্স ফির ১০ কোটি টাকা পরিশোধ করল রাষ্ট্রায়ত্ত মোবাইল ফোন অপারেটর টেলিটক। একই সাথে লাইসেন্স ফির ভ্যাট হিসেবে আরও ৫০ লাখ টাকা পরিশোধ করেছে কোম্পানিটি। তবে এখনও দেয়নি স্পেকট্রামের ১ হাজার ২৪ কোটি টাকা। টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বিটিআরসিতে সম্প্রতি টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক মুজিবুর রহমান নিজে এ অর্থ পরিশোধ করেন। অপারেটরটি গত বছর অক্টোবরে পরীক্ষামূলকভাবে থ্রিজি চালু করলেও এতদিন




অর্থ পরিশোধ করেনি। ২১শ' ব্যান্ডে নেয়া ১০ মেগাহার্টজ স্পেকট্রামের ফির ৬০ শতাংশ পরিশোধের কথা ছিল। জানা গেছে, মূলত আর্থিক সঙ্কটের কারণেই অর্থ পরিশোধ করতে পারছে না টেলিটক। যদিও ঈদের আগে থ্রিজি স্পেকট্রামের টাকা দেয়া সম্ভব নয় জানিয়ে অর্থ মন্ত্রণালয়কে চিঠি দিয়েছিল অপারেটরটি। এজন্য দুটি বিকল্পের কথা বলেছে তারা। ফি বাবদ ১ হাজার ৭১৪ কোটি ৩৮ লাখ টাকার পুরোটা মওকুফ কিংবা দীর্ঘমেয়াদি কিস্তিতে পরিশোধের সুযোগ চেয়েছে সরকারি কোম্পানিটি। থ্রিজির নীতিমালা অনুসারে অপারেটরটির ৫ শতাংশ ভ্যাটসহ সাড়ে ১০ কোটি টাকা লাইসেন্স ফি এবং ১০ মেগাহার্টজ স্পেকট্রামের মূল্য হিসেবে আরও ১ হাজার ২৪ কোটি ৬৩ লাখ টাকা দেয়ার কথা ছিল। গত ৮ সেপ্টেম্বর নিলামে ১০ মেগাহার্টজ স্পেকট্রামের মূল্য নির্ধারিত হয়েছে ২১ কোটি ডলার। ওই হিসাব অনুসারে প্রতি ডলারের মূল্য ৭৭ দশমিক ৭৫ টাকা ধরে এ হিসাব করা হয়। ৫ শতাংশ ভ্যাটসহ স্পেকট্রাম মূল্যের ৬০ শতাংশ দেয়ার কথা গত ৮ সেপ্টেম্বরের পরের ৩০ কার্যদিবসের মধ্যে ◆

## পিএইচপি কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি কোর্সে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এ কোর্সে দুটি রিয়েল লাইফ প্রজেক্ট থাকবে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, জুমলা ও অ্যাডভান্স অবজেক্ট অরিয়েন্টেড টেকনিক শেখানো হবে। যোগাযোগ : ০১৭১৩৩-৯৭৫৬৭-৮ ◆

## ইন্দোনেশিয়ায় অষ্টম ইন্টারনেট গভর্ন্যান্স ফোরাম অনুষ্ঠিত

গত ২২ থেকে ২৫ অক্টোবর ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিত হয় অষ্টম ইন্টারনেট গভর্ন্যান্স ফোরাম (আইজিএফ)। বিশ্বের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কীভাবে এগিয়ে যাচ্ছে তারই বহির্প্রকাশ পায় এ ফোরামে। বিশ্বের ১১১টি দেশের প্রায় দেড় হাজার মন্ত্রী, পার্লামেন্ট সদস্য ও উচ্চপদস্থ কর্মকর্তা এ অনুষ্ঠানে অংশ নেন। এতে আইসিএএ, এপনিক, আইএসওসি, আইটিইউর মতো বিভিন্ন প্রতিষ্ঠান তাদের কার্যক্রমে তুলে ধরে। একইভাবে অনুষ্ঠানে ১৩৫টি সেমিনার ও কর্মশালায় ডিজিটাল বৈষম্য, নিরাপত্তা, ই-লার্নিং, সাইবার ক্রাইমের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে আলোচনা করেন বিশেষজ্ঞেরা ◆

## ফেসবুক অ্যাকাউন্টে এনআইডি নম্বর চায় সংসদীয় কমিটি

*কমপিউটার জগৎ রিপোর্ট ॥* এ যেনো ডিজিটাল যুগে এনালগ চিন্তা। একই দিনে ফেসবুক ব্যবহার নিয়ে দুটি সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে বিপরীতমুখী পরামর্শ দিয়েছেন কমিটির সদস্যরা। একটি কমিটি সরকারের উন্নয়ন প্রচারে ফেসবুক ও টুইটারের মতো সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের কথা বলেছে। আবার অন্য কমিটি ফেসবুক নিয়ন্ত্রণের পদক্ষেপ নেয়ার সুপারিশ করেছে বলে জানা গেছে। জাতীয় সংসদ ভবনে সম্প্রতি অনুষ্ঠিত এসব সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে গত পাঁচ বছরে দেশের আইসিটির (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) উন্নয়নে নেয়া বিভিন্ন পদক্ষেপ প্রচারে ফেসবুক ও টুইটারের মতো সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারের পরামর্শ দেয়া হয়েছে। অন্যদিকে একই দিন অনুষ্ঠিত ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে সাইবার অপরাধ প্রতিরোধে প্রকৃত ফেসবুক ব্যবহারকারী শনাক্ত করতে ব্যবহারকারীর অ্যাকাউন্টে জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) নম্বর বা জন্ম নিবন্ধন নম্বর বা অন্য কোনো নিবন্ধন নম্বর ব্যবহার বাধ্যতামূলক করা যায় কি না তা খতিয়ে দেখতে বিটিআরসিকে সুপারিশ করা হয়েছে। তবে বৈঠকে অংশ নেয়া টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন বিটিআরসির চেয়ারম্যানসহ সংশ্লিষ্টরা বলেছেন, এটি করতে হলে ফেসবুক কর্তৃপক্ষকে বাংলাদেশের জন্য বিশেষভাবে ফেসবুক ডিজাইন করতে হবে। বাস্তবতার নিরিখে সেটি অসম্ভব। বৈঠকে দেশ থেকে বিদেশে আউটগোয়িং কল করার ক্ষেত্রে অন্যান্য দেশের মতো কলিংকার্ড ব্যবহার করা যায় কি না তাও খতিয়ে দেখতে বিটিআরসিকে সুপারিশ করে কমিটি ◆

## এসইও প্রশিক্ষণে বিশেষ ছাড়

ফ্রিল্যান্সিং কাজের চাহিদার ভিত্তিতে আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন প্রশিক্ষণে ভর্তি চলছে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## মন্ত্রিপরিষদ সচিবের মর্যাদা চান বিটিআরসি চেয়ারম্যান

*কমপিউটার জগৎ রিপোর্ট ॥* নতুন পদমর্যাদা নিয়ে সন্তুষ্ট নন টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ সংস্থা বিটিআরসির চেয়ারম্যানসহ উর্ধ্বতন কর্মকর্তারা। সরকার নির্ধারিত পদমর্যাদা আরও বাড়ানোর প্রস্তাব পাঠানোর উদ্যোগ নিয়েছেন তারা। চেয়ারম্যান সচিবের পরিবর্তে মন্ত্রিপরিষদ সচিবের পদমর্যাদা পেতে চান। জনপ্রশাসন মন্ত্রণালয় সম্প্রতি বিটিআরসি চেয়ারম্যান পদকে সচিব, ভাইস চেয়ারম্যান পদকে অতিরিক্ত সচিব ও কমিশনার পদকে যুগ্ম সচিব করে গেজেট প্রকাশ করে। তবে বিটিআরসি চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান বা কমিশনারেরা কেউই এটি মেনে নিতে পারছেন না। বিটিআরসি সূত্রে জানা যায়, মন্ত্রিপরিষদ সচিবের পদমর্যাদা পেতে চান বিটিআরসি চেয়ারম্যান সুনীল কান্তি বোস। একই সাথে ভাইস চেয়ারম্যান পদকে সচিব পদমর্যাদায় এবং কমিশনার পদকে অতিরিক্ত সচিব পদে উন্নীত করার বিষয়ে সরকারকে চিঠি দেয়ার সিদ্ধান্ত নিয়েছে নিয়ন্ত্রক সংস্থাটি। নিজেদের পক্ষে যুক্তি তুলে ধরতে তারা দেশের বিভিন্ন কমিশনের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও কমিশনারদের পদমর্যাদার বিষয়টি উল্লেখ করেন। নতুন কমিশন হওয়ায় সরকারের ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে জায়গা হয়নি বর্তমান কমিশনের চেয়ারম্যান ও কমিশনারদের। সম্প্রতি কমিশনের ১৬০তম বৈঠকে পদমর্যাদা বাড়ানোর বিষয়ে মন্ত্রণালয়কে প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত হয়। সংশ্লিষ্ট সূত্রগুলো নিশ্চিত করেছে, বিটিআরসি চেয়ারম্যান ও কমিশনারের পদমর্যাদার বিষয়টি নিয়ে গত সাত বছর ধরে টানাহেঁচড়া চলছে। এর আগে সুনির্দিষ্ট করে পদমর্যাদার বিষয়টি কোথাও উল্লেখ ছিল না। তবে বিভিন্ন সময় দেখা গেছে, টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সচিবের নিচেই ছিল বিটিআরসি চেয়ারম্যানের অবস্থান। এছাড়া কমিশনাররা যুগ্ম সচিব এবং ভাইস চেয়ারম্যান অতিরিক্ত সচিবের মর্যাদা পেতেন ◆

## ভিএমওয়্যার অথরাইজড ট্রেনিং অনুষ্ঠিত

গত ৯ থেকে ১৩ সেপ্টেম্বর বাংলাদেশে দ্বিতীয়বারের মতো আইবিসিএস-প্রাইমেক্স ও ইন্ডিয়ার জিটি এন্টারপ্রাইজের যৌথ উদ্যোগে ভিএমওয়্যার অথরাইজড ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে।



১৬ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে ৪০ ঘণ্টার এ কোর্সটির দায়িত্বে ছিলেন ভিএমওয়্যার সার্টিফায়েডধারী প্রশিক্ষক ওয়াইস আহমেদ শরীফ (ভারত)। তৃতীয় ব্যাচটি শুরু হবে নভেম্বর মাসে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## এলইডি বাতি থেকে ইন্টারনেট সংযোগ

ওয়াইফাইয়ের দিন বুঝি এই শেষ হচ্ছে। কেননা এবার আসছে লাইফাই। বৈদ্যুতিক বাতির আলোক তরঙ্গ ব্যবহার করে ইন্টারনেট সংযোগ দেয়ার পদ্ধতি উদ্ভাবন এখন সময়ের ব্যাপার বলে দাবি চীনা বিজ্ঞানীদের। আরও দ্রুতগতির ইন্টারনেট সংযোগের জন্য এলইডি বাতি ব্যবহার করে তথ্য স্থানান্তরের চেষ্টায় সফল হওয়ার পথে রয়েছেন বলে জানান ওই বিজ্ঞানীরা। যদিও এ পদ্ধতি নিয়ে গত দুই বছর ধরে আলোচনা রয়েছে। গবেষকেরা এ প্রযুক্তির নাম দিয়েছেন লাইফাই (লাইট ফিডেলিটি)। এ পদ্ধতিতে এলইডি ব্যবহার করে ডিজিটাল তথ্যের সংকেত পাঠানো হয়। একটি লাইট সেন্সর এলইডি থেকে পাঠানো তথ্য শনাক্ত করতে পারে, যা পরে কমপিউটারে প্রসেসিং করা সম্ভব হয়। বর্তমানে রেডিও ওয়েভের মাধ্যমে ডাটা স্থানান্তর করা হয়ে থাকে। নতুন এ পদ্ধতিতে রেডিও ওয়েভের বদলে আলোকে মাধ্যম হিসেবে ব্যবহার করে ইন্টারনেট সংযোগ দেয়া হবে। বিদ্যমান ওয়াইফাইয়ের তুলনায় এর গতি ১০ গুণ বেশি হবে বলে জানিয়েছেন বিজ্ঞানীরা। রেডিও ওয়েভের মতো আলোও ইলেকট্রোম্যাগনেটিক ওয়েভ, যার কম্পাঙ্ক রেডিও স্পেকট্রামের চেয়ে ১ লাখ গুণ বেশি ◆

## ব্রডওয়েলের মুক্তি পেছাল ইন্টেল

বিশ্বের বৃহত্তম মাইক্রোচিপ নির্মাতা ইন্টেলের পরবর্তী প্রজন্মের কমপিউটার প্রসেসর নির্ধারিত সময়ে বাজারে আসছে না। ব্রডওয়েল নামে পঞ্চম প্রজন্মের এ চিপ ছাড়ার সময় পিছিয়ে দেয়া হয়েছে। নির্ধারিত সময়ের অন্তত চার মাস পর বাজারে আসবে এটি। কারিগরি ত্রুটির কারণেই এ বিলম্ব বলে এক বিবৃতিতে জানান ইন্টেলের প্রধান নির্বাহী ব্রায়ান কারজানিচ। তিনি বলেন, এতে চিন্তার কিছু নেই। ইন্টেলের সহযোগী প্রতিষ্ঠানগুলো পরেরবার ঠিক সময়ে চিপটি হাতে পাবে। চলতি বছর বাজারে আসা চতুর্থ প্রজন্মের প্রসেসর হ্যাসওয়েলের উত্তরসূরি হবে ব্রডওয়েল। এটি আগের যেকোনো প্রসেসরের চেয়ে বেশি শক্তি সাশ্রয়ী ও দ্রুতগতির। হ্যাসওয়েলের মতো এটিও ল্যাপটপ ও ট্যাবলেট মার্কেটের জন্য একটি গুরুত্বপূর্ণ সংযোজন হবে। এদিকে জানা গেছে, নতুন প্রসেসর আসা পিছিয়ে দেয়ার আরেক কারণ তৃতীয় প্রান্তিকে ইন্টেলের কম মুনাফা। গত বছরের তৃতীয় প্রান্তিকে যেখানে ইন্টেলের আয় ছিল ২৯৭ কোটি ডলার, সেখানে চলতি বছর আয় হয়েছে ২৯৫ কোটি ডলার। আয় কমে আসার কারণ মূলত ইন্টেলের ডেস্কটপ কমপিউটারের চিপ বিভাগ। তাদের বিক্রি এ প্রান্তিকে সাড়ে ৩ শতাংশ কমে এসেছে। অর্থাৎ ডেস্কটপ কমপিউটারের চাহিদা কমে যাওয়ার ফলেই এ খাতে কম আয় হয়েছে। প্রসঙ্গত, গত পাঁচ বছরের তুলনায় চলতি বছরের জুলাই থেকে সেপ্টেম্বরে সবচেয়ে কম পিসি বিক্রি হয়েছে বিশ্বব্যাপী। স্মার্টফোন ও ট্যাবলেটের ব্যাপক আধিপত্যে কমপিউটার বাজার দ্রুত সঙ্কুচিত হয়ে আসছে বলে মনে করছেন বিশেষজ্ঞেরা ◆

## আসুসের চতুর্থ প্রজন্ম প্রসেসরের মাদারবোর্ড




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের জেড৮৭-কে মডেলের নতুন মাদারবোর্ড। ইন্টেল জেড৮৭ চিপসেটের এ মাদারবোর্ডটি চতুর্থ প্রজন্মের ইন্টেল কোর প্রসেসর, পেন্টিয়াম, সেলেরন প্রসেসর সমর্থন করে। এতে রয়েছে আসুসের ৫এক্স নিরাপত্তা ব্যবস্থা। চারটি ডিডিআর৩ র‍্যাম স্লট থাকায় সর্বোচ্চ ৩২ জিবি র‍্যাম ব্যবহার করা যায়। অত্যাধুনিক পিসিআই এক্সপ্রেস ৩.০ স্লট থাকায় এএমডি কোয়াড-জিপিইউ ক্রসফায়ারএক্স মাল্টি-জিপিইউ সাপোর্ট করে। এছাড়া রয়েছে ১ গিগাবাইট ভিডিও মেমরির বিল্ট-ইন গ্রাফিক্স, ৬টি সাটা পোর্ট, গিগাবিট ল্যান, ৮ চ্যানেল অডিও, ১৪টি ইউএসবি পোর্ট প্রভৃতি। দাম ১৪ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## জাভা ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ প্রশিক্ষণে ভর্তি চলছে। প্রশিক্ষণে কোর্সের অরিজিনাল স্টাডি মেটেরিয়াল, অনলাইন পরীক্ষার জন্য ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও কোর্স শেষে ওরাকল থেকে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## লেনোভোর ১০.১ ইঞ্চির কোয়াড কোর ট্যাবলেট


গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর এস৬০০০ মডেলের ট্যাবলেট পিসি। এটি অ্যান্ড্রয়িড জেলিবিন ৪.১ মোবাইল অপারেটিং সিস্টেম প্লাটফর্মের ১.২ গিগাহার্টজ এমটি৮১২৫৫ কোয়াড কোর প্রসেসরে চালিত ট্যাবলেট। রয়েছে ১০.১ ইঞ্চির ১২৮০ বাই ৮০০ পিক্সেল রেজ্যুলেশনের মাল্টি-টাচ ডিসপ্লে, ১ জিবি র‍্যাম, ১৬ জিবি ডাটা স্টোরেজ ডিভাইস, ডুয়াল ওয়েবক্যাম, ৮০২.১১ বি/জি/এন ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ ৪.০, থ্রিজি সাপোর্ট, জিপিএস, জি-সেন্সর ফাংশন, স্টেরিও স্পিকার, মাইক্রো-ইউএসবি ইন্টারফেস, মাইক্রো-এসডি কার্ডরিডার প্রভৃতি। দাম ২৭ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯২৫



## রেডহ্যাট লিনআক্স সিকিউরিটি স্পেশালিস্ট প্রশিক্ষণে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্স সিকিউরিটি স্পেশালিস্ট (আরএইচসিএসএস) প্রশিক্ষণে শুক্রবার ও শনিবার ব্যাচে ভর্তি চলছে। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## ট্রান্সসেন্ড ব্র্যান্ডের ৩৫০ ফ্ল্যাশড্রাইভ/ পেনড্রাইভ এখন বাজারে



দৈনন্দিন জীবনের ডাটা আদান প্রদানের জন্য ইউসিসি বাজারে নিয়ে এসেছে বিশ্বখ্যাত ট্রান্সসেন্ড ব্র্যান্ডের ৩৫০ ফ্লাশড্রাইভ। ইউএসবি ২.০ ইন্টারফেস পরিকাঠামোতে তৈরি পেনড্রাইভটিতে রয়েছে প্লাগ অ্যান্ড প্লে সুবিধা। ইন্ডিকেটর থাকায় অতি সহজে পেনড্রাইভটি কাজ করছে কিনা তা শনাক্ত করা যায়। হালকা এই পেনড্রাইভটি সব অপারেটিং সিস্টেমে সাপোর্ট করে। পেনড্রাইভটির রাইট স্পিড প্রতি সেকেন্ড ১১ মেগাবাইট এবং রিড স্পিড ৩.৫ মেগাবাইট। ৪ জিবি থেকে ৬৪ জিবির বিভিন্ন আকারে পেনড্রাইভটি বর্তমানে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ১৮৩৩৩৩১৬০১

## এএসপি ডটনেট ইউজিং সি কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে এএসপি ডটনেট ইউজিং সি, এসকিউএল সার্ভার প্রশিক্ষণে ভর্তি চলছে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, এনটিটি ফ্রেমওয়ার্ক, ক্রিস্টাল রিপোর্ট শেখানো হবে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## ব্রাদারের মনো লেজার মাল্টিফাংশনাল প্রিন্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে ব্রাদার কোম্পানির এমএফসি-১৮১০ মডেলের মনো লেজার মাল্টিফাংশনাল প্রিন্টার। এ প্রিন্টারটি একাধারে প্রিন্টার, কপিয়ার, স্ক্যানার, ফ্যাক্স ও পিসি ফ্যাক্স হিসেবেও কাজ করে। এর সর্বোচ্চ প্রিন্টের গতি ২১ পিপিএম, প্রিন্ট রেজ্যুলেশন ২৪০০ বাই ৬০০ ডিপিআই এবং রয়েছে পেপার ট্রে, ১৬ মেগাবাইট মেমরি, ১০ পৃষ্ঠা অটো ডকুমেন্ট ফিডার। এছাড়া ইউএসবি ২.০ ইন্টারফেসের এ ডিভাইসটির স্ক্যানারের অপটিক্যাল স্ক্যান রেজ্যুলেশন ৬০০ বাই ১২০০ ডিপিআই, কপিয়ার রেজ্যুলেশন ৬০০ বাই ৬০০ ডিপিআই ও ফ্যাক্সের গতি ১৪.৪ কিলোবিট পার সেকেন্ড। দাম ১৫ হাজার টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৩০

## সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার (সিইএইচ) সার্টিফিকেশন প্রশিক্ষণে শুক্রবারের ব্যাচে ভর্তি চলছে। ৪০ ঘণ্টার এ প্রশিক্ষণে নেটওয়ার্ক, সিস্টেম, ওয়েব, ভাইরাস, ফায়ারওয়াল, ওয়্যারলেস ওয়েব সার্ভার সিকিউরিটি প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৮০ ঘণ্টার এ কোর্সটি বাস্তবভিত্তিক অভিজ্ঞতাসম্পন্ন একজন সফল প্রশিক্ষক পরিচালনা করবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮


## বাজারে টুইনমসের টুইনট্যাব



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে টুইনমস ব্র্যান্ডের টি৭২৮৩জিডি১ মডেলের ৭ ইঞ্চি আকৃতির টুইনট্যাব। এতে রয়েছে অ্যান্ড্রয়িড ৪.১.২ জেলিবিন অপারেটিং সিস্টেম, ১.৫ গিগাহার্টজ ডুয়াল কোর প্রসেসর, ১ গিগাবাইট ডিডিআর৩ র‍্যাম, ৩৭০০ মিলি অ্যাম্পিয়ার ব্যাটারি, থ্রিজি, ১০২৪ বাই ৬০০ পিক্সেলের ডিসপ্লে, ইউএসবি ২.০ ও ব্লুটুথ সুবিধা। দাম ১৫ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৮৭


## বাংলালিংক থেকে বিনামূল্যে উইকিপিডিয়া ব্রাউজিং সুযোগ

দেশের দ্বিতীয় বৃহত্তম টেলিকম অপারেটর বাংলাদেশে উইকিপিডিয়া জিরো চালু করেছে। গত ২৫ অক্টোবর এটি চালু করা হয়। উইকিপিডিয়া জিরো উইকিমিডিয়া ফাউন্ডেশনের একটি উদ্যোগ, যা বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশগুলোর মধ্যে উইকিপিডিয়াতে বিনামূল্যে ডাটা চার্জ এবং মোবাইল অ্যাক্সেস প্রদান করবে। উইকিপিডিয়া জিরোর উদ্দেশ্য হচ্ছে বিনামূল্যে জ্ঞান প্রদান। বাংলাদেশের




মতো উন্নয়নশীল দেশে ডাটা ব্যবহারের অনেক প্রতিবন্ধকতা রয়েছে। বিনামূল্যের পরিবর্তে উচ্চমূল্যে গ্রাহকদের ইন্টারনেট ব্যবহার করতে হয়। দেশে মোবাইল ইন্টারনেট ব্যবহার ব্যাপক বেড়ে যাওয়া সত্ত্বেও এই প্রথমবারের মতো একটি মোবাইল অপারেটর বাংলাদেশে উইকিপিডিয়াতে বিনামূল্যে মোবাইল ডাটা অ্যাক্সেসের সুযোগ করে দিচ্ছে। বাংলালিংক জানিয়েছে, সেবাটি বাংলালিংকের যেকোনো প্রিপেইড অথবা পোস্টপেইড গ্রাহকরা বিনামূল্যে ব্যবহার করতে পারবেন। বাংলালিংকের যেকোনো গ্রাহক উইকিপিডিয়া ব্রাউজিং, উইকিমিডিয়া প্রকল্পের জন্য সংশ্লিষ্ট আন্তর্জাতিক সাম্প্রদায়িক সাইটে মাল্টিমিডিয়ার বিভিন্ন বিষয়বস্তু আপলোড, উইকিপিডিয়া প্রকল্পের জন্য ছবি দান এবং আরও অনেক কিছু করতে পারবেন উইকিপিডিয়া ডোমেইন ও অ্যাপ্লিকেশন ব্যবহারে। এসব কাজ করার জন্য বাংলালিংক গ্রাহকদের শুধু হ্যান্ডসেটের ডিফল্ট ব্রাউজার ব্যবহার করার পরামর্শ দেয়া হচ্ছে। প্রক্সি রেন্ডারিং ব্রাউজার যেমন অপেরা মিনি অথবা ইউসি ব্রাউজার (ব্ল্যাকবেরি ব্রাউজার) ব্যবহারের ক্ষেত্রে গ্রাহকের ডাটা প্যাকেজ অনুযায়ী স্ট্যান্ডার্ড ডাটা চার্জ হবে

## সাশ্রয়ী মূল্যে এইচপি নোটবুক




তুলনামূলক সবচেয়ে কম দামে কোরআই৫ প্রসেসরের নতুন একটি নোটবুক বাজারে এনেছে কমপিউটার সোর্স। এইচপি ব্র্যান্ডের ২৪২ জি-ওয়ান মডেলের ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার এ নোটবুকটিতে রয়েছে ৪ জিবি ডিডিআর থ্রি র‌্যাম, ২.৬ গিগাহার্টজ প্রসেসর ও ৭৫০ জিবি হার্ডডিস্ক। এক বছরের বিক্রয়োত্তর সেবাযুক্ত এ নোটবুকের দাম ৫১ হাজার ৫০০ টাকা। এছাড়া একই মডেলের কোরআই৩ ৪২ হাজার ২৫০ টাকা আর ১ জিবি গ্রাফিক্সকার্ডসহ নোটবুকটি পাওয়া যাচ্ছে ৪৩ হাজার ২৫০ টাকায়। যোগাযোগ : ০১৭৩০৭০০০৯৩

## চট্টগ্রামে ওরাকল ও সিসিএনএ কোর্সে ভর্তি


বন্দরনগরী চট্টগ্রামে দ্য কমপিউটারস লিমিটেডে আইবিসিএস-প্রাইমেক্সের তত্ত্বাবধানে ওরাকল ১০জিডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি চলছে। এছাড়া রেডহ্যাট লিনআক্স, জেন্ড সার্টিফিকেশন ও সিসিএনএ প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭৬০৪৮৬৭৯৫ (চট্টগ্রাম), ০১৭১৩৩৯৭৫৬৭-৮ (ঢাকা)

## ক্লাউড সুবিধার হার্ডডিস্ক ডব্লিউডি মাইপাসপোর্ট আল্ট্রা



স্বয়ংক্রিয় ব্যাকআপ সফটওয়্যার সমর্থিত দ্রুতগতির বহনযোগ্য স্টোরেজ ডব্লিউডি মাইপাসপোর্ট আল্ট্রা বাজারে এনেছে কমপিউটার সোর্স। পাসপোর্টের চেয়েও ছোট আকৃতির এ হার্ডডিস্কে দ্বিগুণ থেকে তিনগুণ দ্রুততার সাথে ডাটা স্থানান্তর করা যায়। ড্রপবক্সের মাধ্যমে সরাসরি ক্লাউড ব্যাকআপ নিতে সক্ষম ওয়েস্টার্ন ডিজিটাল ব্র্যান্ডের ১ টেরাবাইট ক্ষমতার এ হার্ডডিস্কটি উইন্ডোজ এক্সপি, ৭, ৮, ভিস্তা এবং ম্যাক অপারেটিং সিস্টেম সমর্থন করে। এতে আলাদা কোনো অ্যাডাপ্টার প্রয়োজন হয় না। ইউএসবি টু পোর্টে ডাটা স্পিড ৪৮০ এমবিপিসি এবং থ্রি পোর্টে ৫ জিবিপিএস। রয়েছে পাসওয়ার্ড সুরক্ষা। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ হার্ডড্রাইভটির দাম ৯ হাজার ৫০০ টাকা

## রেডহ্যাট সার্টিফায়েড ট্রেনিং ওভারসিজ পার্টনারে স্বীকৃত আইবিসিএস-প্রাইমেক্স



সম্প্রতি ভারতের গোয়ায় অনুষ্ঠিত হয় রেডহ্যাটের বার্ষিক জিএলএস পার্টনার কনফারেন্স। এতে আইবিসিএস-প্রাইমেক্স রেডহ্যাট সার্টিফায়েড ট্রেনিং ওভারসিজ পার্টনার হিসেবে স্বীকৃতি লাভ করে। আইবিসিএস-প্রাইমেক্সের পক্ষে ট্রেনিং ম্যানেজার কাজী আশিকুর রহমান ও মো: আসাদুজ্জামান রাজু পার্টনার অ্যাওয়ার্ড গ্রহণ করেন

## বাজারে গিগাবাইটের ৫ নতুন মাদারবোর্ড

গত ৮ অক্টোবর রাজধানীর একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয় গিগাবাইট মিট দ্য প্রেস। স্মার্ট টেকনোলজিসের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে অতিথি ছিলেন প্রতিষ্ঠানটির মহাব্যবস্থাপক জাফর আহমেদ এবং গিগাবাইটের এশিয়া প্যাসিফিক অঞ্চলের ব্যবস্থাপক এলান সু। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন গিগাবাইটের কান্ট্রি ম্যানেজার




*গিগাবাইট মিট দ্য প্রেস অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জাফর আহমেদ*

খাজা মোহাম্মদ আনাস খান। তিনি বলেন, আজ আমরা বাংলাদেশের বাজারে এইট সিরিজের আরও পাঁচটি নতুন মডেলের মাদারবোর্ড উন্মুক্ত করেছি। মডেলগুলো হলো– এইচ৮১এস২পিভি, বি৮৫ডি৩এইচ, জি১ স্নাইপার-বি৫, জি১ স্নাইপার-এম৫ ও জি১ স্নাইপার ৫। গিগাবাইট সবসময়ই নিত্যনতুন প্রযুক্তি নিয়ে কাজ করে এবং অন্য যেকোনো ব্র্যান্ডের আগে ব্যবহারকারীদের হাতে নতুন পণ্য তুলে দেয়

## প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি) কোর্সে ভর্তি চলছে। কোর্সে প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## আসুসের ফেসবুক পাজল গেম প্রতিযোগিতা

গত ২৪ অক্টোবর থেকে আসুসের সৌজন্যে ও গ্লোবাল ব্র্যান্ডের আয়োজনে অনুষ্ঠিত হচ্ছে মাসব্যাপী আসুস ফেসবুক পাজল গেম প্রতিযোগিতা। এতে প্রথম ১৪ দিন প্রতিদিনে সর্বোচ্চ স্কোরধারী প্রত্যেক




প্রতিযোগীকে দেয়া হবে একটি করে মোবাইল ফোন। এ ১৪ জনের মধ্য থেকে ২৩ নভেম্বর শেষ দিন পর্যন্ত অংশ নেয়া প্রতিযোগী যিনি সর্বোচ্চ স্কোরধারী হবেন, তাকে জ্যাকপট পুরস্কার আসুস ফোনপ্যাড ট্যাবলেট পিসি দেয়া হবে। বাংলাদেশের ফেসবুক ফ্যান পেজটি হলো : facebook.com/ASUS.Bangladesh

## স্যামসাং পণ্যের সেবায় কমপিউটার সোর্স

আইটি পণ্যে বিক্রয়োত্তর সেবার মান বাড়িয়ে গ্রাহকবান্ধব ও গতিশীল করতে কমপিউটার সোর্সকে 'অথরাইজ সার্ভিস পার্টনার' মনোনীত করেছে স্যামসাং। এ লক্ষ্যে সম্প্রতি রাজধানীর লালমাটিয়ায় স্থাপিত দেশের সবচেয়ে বড় এ



*সার্ভিস সেন্টার উদ্বোধন অনুষ্ঠানে অন্যান্যের মাঝে চুন সু মুন*

আইটি সার্ভিস সেন্টারে স্যামসাং সার্ভিস সেন্টার' ইউনিটের উদ্বোধন করেন স্যামসাং ইলেকট্রনিক্সের বাংলাদেশ ব্র্যাঞ্চের ব্যবস্থাপনা পরিচালক চুন সু মুন। উপস্থিত ছিলেন কমপিউটার সোর্সের পরিচালক আসিফ মাহমুদ, এইউ খান জুয়েল, স্যামসাং বাংলাদেশের কনজ্যুমার ইলেকট্রনিক্স ও আইটি বিভাগের প্রধান বদরুল করিম। উদ্বোধনের পর কমপিউটার সোর্স কাস্টমার কেয়ার সেন্টারের এ নতুন ইউনিটটি চুন সু মুনকে ঘুরিয়ে দেখান সার্ভিস সেন্টার ম্যানেজার মোহাম্মদ জামিল। তিনি জানান, সার্ভিস সেন্টারের আয়তন ৩২ হাজার বর্গফুট। এখানে রয়েছে নোটবুক, প্রিন্টার, মনিটর ও ক্যামেরা সার্ভিসিংয়ের জন্য চারটি আলাদা জোন। ওয়ারেন্টিযুক্ত কিংবা ওয়ারেন্টি নেই সার্ভিসিংয়ের জন্য আনা এমন স্যামসাং আইটি পণ্য গ্রহণ ও প্রয়োজনীয় পরামর্শ দেয়ার জন্য সার্ভিস সেন্টারে রয়েছে রিসিপশন সেন্টার। দেশজুড়ে ৪২টি শাখা থেকে এ সেবা দেয়া হচ্ছে

## বাজারে থার্মালটেকের কেসিং ভার্সা ২



সম্প্রতি ইউসিসি বাজারে এনেছে বিশ্বখ্যাত থার্মালটেক কোম্পানির নতুন কেসিং ভার্সা ২। কেসিংটির সামনে ভেন্টিলেশন থাকায় খুব সহজে বাতাস চলাচল করতে পারে। এছাড়া পিসির সব যন্ত্রাংশ সেটআপ করার জন্য কেসিংটির ভেতরে রয়েছে বড় পরিসর। এতে ৩২ সেন্টিমিটারের গ্রাফিক্স কার্ড সহজে বসানো যায়। কেসিংটির পেছনে রয়েছে ১২০ মিলিমিটারের শব্দবিহীন ফ্যান, যা এর ভেতরের যন্ত্রাংশকে ঠাণ্ডা রাখে। এছাড়া যারা ইউএসবি ৩.০ প্রযুক্তি ব্যবহার করতে চান তাদের জন্য স্লট রয়েছে কেসিংটিতে। কেসিংটিতে কুলিংফ্যান ব্যবহারের সুবিধা রয়েছে। বর্তমানে ইউসিসির সব ব্রাঞ্চ ও ডিলারশপে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ১৮৩৩৩৩১৬০১

## আইটিআইএল ২০১১ ফাইন্ডেশন প্রশিক্ষণে সফলতা

আইবিসিএস-প্রাইমেক্সে গত ২০ ও ২১ সেপ্টেম্বর সার্টিফায়েড আইটিআইএল এক্সপার্ট ইন্ডিয়া প্রশিক্ষক মহেশ পাণ্ডের অধীনে আইটিআইএল ৩০১১



ফাইন্ডেশন প্রশিক্ষণ ও পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১৭ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে অনুষ্ঠিত প্রশিক্ষণ শেষে সবাই অনলাইন পরীক্ষায় অংশ নিয়ে উত্তীর্ণ হয়। নভেম্বর মাসেও প্রশিক্ষণটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## বাজেটসাশ্রয়ী এপিইউ-এ৪-৪০০০



তথ্যপ্রযুক্তির এই সময়ে বাংলাদেশের সব মানুষের হাতে কমপিউটার তুলে দেয়ার লক্ষ্য নিয়ে ইউসিসি বাজারে এনেছে আইটি বাজারের সবচেয়ে বাজেটসাশ্রয়ী এপিইউ এ৪-৪০০০। বিশ্বখ্যাত এএমডি ব্র্যান্ডের এ৪-৪০০০ তৈরি করা হয়েছে মূলত সেসব ব্যবহারকারীর কথা বিবেচনা করে, যারা বাজেট স্বল্পতার কারণে গ্রাফিক্স কার্ড ব্যবহার করতে পারছেন না। এপিইউ এ৪-৪০০০ হচ্ছে প্রসেসর এবং গ্রাফিক্স কার্ড সমন্বয়ে তৈরি, যা বাজারের গতানুগতিক ডুয়াল কোর থেকে অনেক বেশি কার্যক্রম এবং বাড়তি সুবিধা হিসেবে রয়েছে একটি ডিসক্রিট ৭৪৮০ গ্রাফিক্স কার্ড। এ৪-৪০০০-এর ক্লকস্পিড ৩ গিগাহার্টজ, যা টার্বো মোডে কাজ করে ৩.২ গিগাহার্টজ পর্যন্ত। এ৪-৪০০০-এর বিদ্যুৎ খরচ মাত্র ৬৫ ওয়াট। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## আসুসের নতুন গেমিং গ্রাফিক্স কার্ড



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের জিটিএক্স৭৭০-ডিসি-২ওসি মডেলের হাই অ্যান্ড গেমিং গ্রাফিক্স কার্ড। এতে ডিরেক্ট সিইউ-২ ফিচার থাকায় দীর্ঘক্ষণ ব্যবহারেও কম্পোনেন্ট ঠাণ্ডা থাকে। রয়েছে সুপার অ্যালয় পাওয়ার ও ওভারক্লকিং ফিচার। পিসিআই এক্সপ্রেস ৩.০ বাস স্ট্যান্ডার্ডের এ অত্যাধুনিক গ্রাফিক্স কার্ডটিতে রয়েছে এনভিডিয়া জিফোর্স জিটিএক্স ৭৭০ গ্রাফিক্স ইঞ্জিন, ২ জিবি ভিডিও মেমরি, ৭০১০ মেগাহার্টজ মেমরি ক্লক, ২৫৬ বিট মেমরি ইন্টারফেস, দুটি ডিভিআই আউটপুট, একটি এইচডিএমআই আউটপুট, একটি ডিসপ্লে পোর্ট। এছাড়া এনভিডিয়া থ্রিডি ভিশন, ডিরেক্ট এক্স১১, এইচডিসিপি সমর্থন করে। দাম ৪২ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮

## স্যামসাং ট্যাব থ্রি বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে স্যামসাংয়ের ট্যাব থ্রি। এক্সই৩০০টিজেডসি-বে০১বিডি মডেলের এ ট্যাবটিতে রয়েছে ইন্টেল ১.৮ গিগাহার্টজ অ্যাটম প্রসেসর, ১০.১ ইঞ্চি ডিসপ্লে, ২ গিগাবাইট র‌্যাম, ৬৪ গিগাবাইট মেমরি কার্ড, স্টেরিও স্পিকার, এইচডি ক্যামেরা, ব্লুটুথ, ওয়াইফাই, মাইক্রোএসডি কার্ড রিডার, ব্লুটুথ কিবোর্ড ইত্যাদি। এর অন্যতম সুবিধা হলো এটি দিয়ে ট্যাব এবং নেটবুক উভয় ডিভাইসের চাহিদা পূরণ করা সম্ভব। সাদা রংয়ের এ ট্যাবটির দাম ৭০ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০৪

## সব ডিভাইসে থ্রিজি সুবিধার প্রোলিংক রাউটার



সেলফোনের থ্রিজি তরঙ্গকে অন্যান্য ডিভাইসে ব্যবহারের সুযোগ করে দিতে প্রোলিংকের পিআরটি ৭০০৬ এইচ মডেলের ট্রাভেল রাউটার বাজারে এনেছে কমপিউটার সোর্স। এইএসপিএ+ নেটওয়ার্ক সমর্থিত এবং ওয়াইফাই হটস্পট তৈরিতে সক্ষম প্রোলিংকের এ রাউটারটি স্বয়ংক্রিয়ভাবে এপিএন ব্যবহার করে। এর ডাটা স্পিড ২১.৬ এমবিপিএস। পকেট সাইজের স্লিম এ রাউটারটি চতুর্থ প্রজন্মের এলটিই তরঙ্গও সমর্থন করে। রাউটারটি দিয়ে একসাথে ১০ জন ইন্টারনেট ব্যবহার করতে পারেন। টানা চার ঘণ্টা চলতে সক্ষম রাউটারটিতে আছে ১৫০০ অ্যাম্পিয়ার ব্যাটারি, সিম স্লট, মাইক্রোএসডি কার্ড স্লট ও মাইক্রোইউএসবি পোর্ট। রাউটারটির স্ট্যান্ডবাই টাইম ১০০ ঘণ্টা। নেটওয়ার্ক সিগন্যাল ও ব্যাটারি চার্জ দেখার জন্য এতে রয়েছে এলইডি ডিসপ্লে। দাম ৬ হাজার ৫০০ টাকা

## এমএসআই ব্র্যান্ডের বি৮৫-জি৪৩ গেমিং মাদারবোর্ড



গেমারদের চাহিদা পূরণ করার জন্য সম্প্রতি ইউসিসি বাজারে এনেছে বিশ্বখ্যাত এমএসআই ব্র্যান্ডের গেমিং সিরিজের নতুন মাদারবোর্ড বি৮৫-জি৪৩। ইন্টেল চিপসেটের তৈরি এ মাদারবোর্ডটি মিলিটারি ক্লাস ৪ প্রযুক্তিতে তৈরি, যা মাদারবোর্ডটিকে করেছে আরও টেকসই। ওসি জিনি৪-এর মাধ্যমে এখন আরও সহজে ওভারক্লকিং করা যাবে এবং পাশাপাশি ক্লিক বায়োস ৪ থাকায় মাদারবোর্ডটিকে পছন্দমতো টিউন করা সম্ভব হবে। মাদারবোর্ডটির সবচেয়ে আকর্ষণীয় ফিচার হলো তিনটি ডিসপ্লে আউটপুট সুবিধা, যার মাধ্যমে এইচডিএমআই/ডিভিআই/ডি-সাব সুবিধা পাওয়া যাবে। মাদারবোর্ডটির মেমরি সাপোর্ট ডিডিআর৩-১৬০০ পর্যন্ত এবং পাশাপাশি রয়েছে মাল্টি জিপিউ ব্যবহারের সুবিধা। যোগাযোগ : ১৮৩৩৩৩১৬০১

## লেনোভোর কারিগরি কর্মশালা অনুষ্ঠিত

লেনোভো ব্র্যান্ডের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড তাদের কল্যাণপুরের সার্ভিস সেন্টারে গত ৭ ও ৮ অক্টোবর আয়োজন করে 'লেনোভো টেকনিক্যাল ট্রেনিং প্রোগ্রাম' শীর্ষক কর্মশালা। এতে গ্লোবাল ব্র্যান্ডের বিভিন্ন শাখা অফিসের ১৪ জন সার্ভিস ইঞ্জিনিয়ার অংশ নেন। কর্মশালা পরিচালনা করেন ভারত থেকে আসা লেনোভোর



টেকনিক্যাল সাপোর্ট ইঞ্জিনিয়ার মাহবুপ খান। প্রশিক্ষণ শেষে গ্লোবাল ব্র্যান্ডের পরিচালক জসিম উদ্দিন খন্দকার প্রধান অতিথি হিসেবে অংশ নেয়া সব সার্ভিস ইঞ্জিনিয়ারকে লেনোভোর পক্ষ থেকে সার্টিফিকেট দেন। অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন লেনোভো বাংলাদেশের পণ্য ব্যবস্থাপক হাছান রিয়াজ জিতু

## রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## লেনোভোর কোরআই৫ ল্যাপটপ




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর আইডিয়াপ্যাড জি৪০০ মডেলের মাল্টিমিডিয়া ল্যাপটপ। ল্যাপটপটিতে রয়েছে ২.৬ গিগাহার্টজ গতির ইন্টেল কোরআই৫ প্রসেসর, ১৪.১ ইঞ্চির ডিসপ্লে, ১ জিবি ডেডিকেটেড ভিডিও মেমরির এএমডি রেডিয়ন চিপসেটের গ্রাফিক্স, ৪ জিবি র‌্যাম, ৫০০ মেগাবাইট হার্ডডিস্ক। এছাড়া রয়েছে ডলবি হোম থিয়েটার ফিচারের এইচডি অডিও, বিল্ট-ইন স্পিকার, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান, গিগাবিট ল্যান, মেমরি কার্ড রিডার, ব্লুটুথ, তিনটি ইউএসবি পোর্ট, এইচডিএমআই পোর্ট, ভিজিএ পোর্ট প্রভৃতি। দাম ৪৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯২৫

## জেন্ড পিএইচপি-৫.৩ কোর্সে ভর্তি


পিএইচপি-৫.৩ জেন্ড সার্টিফিকেশন কোর্সের প্রশিক্ষণ দিচ্ছে আইবিসিএস-প্রাইমেক্স। কোর্স সমাপ্তির পর জেন্ড সার্টিফায়েড ইঞ্জিনিয়ার সনদের জন্য অনলাইন পরীক্ষায় অংশ নিতে হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## বাজারে ইন্টেলের চতুর্থ প্রজন্মের প্রসেসর



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে ইন্টেলের চতুর্থ প্রজন্মের নতুন চারটি মডেলের প্রসেসর। মডেলগুলো হলো- জি৩২২০ (পেন্টিয়াম ডুয়াল কোর ৩.০০ গিগাহার্টজ), ৪১৩০ (কোরআই৩ ৩.৪০ গিগাহার্টজ), ৪৫৭০ (কোরআই৫ ৩.২০ গিগাহার্টজ) ও ৪৭৭০ (কোরআই৭ ৩.৪০ গিগাহার্টজ)। প্রসেসরগুলোর দাম যথাক্রমে ৫ হাজার ৮০০ টাকা, ১১ হাজার ৫০০ টাকা, ১৭ হাজার ৮০০ টাকা ও ২৭ হাজার ৮০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯৩১ ◆

## স্পর্শ পর্দার ডেল ল্যাপটপে নিশ্চিত পুরস্কার



নিশ্চিত পুরস্কারসহ দেশে ১৪ ইঞ্চি স্পর্শ পর্দার ডেল ল্যাপটপ বাজারে এনেছে কমপিউটার সোর্স। ইন্সপায়রন সিরিজের তৃতীয় প্রজন্মের ল্যাপটপটিতে রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‍্যাম ও ৫০০ জিবি হার্ডডিস্ক। ইন্টেল এইচডি ৪০০০ গ্রাফিক্স এবং ৩২২৭ মডেলের প্রসেসর সংবলিত ল্যাপটপটিতে আছে ৩ মেগাবাইট ক্যাশ মেমরি। এর প্রসেসিং গতি ১ দশমিক ৯ গিগাহার্টজ। এক বছরের বিক্রয়োত্তর সেবাযুক্ত ডেল ইন্সপায়রন ৩৪২১ মডেলের এ ল্যাপটপের দাম ৪৮ হাজার টাকা। ৭ নভেম্বর পর্যন্ত ল্যাপটপটির সাথে নিশ্চিত উপহার হিসেবে ছিল পেনড্রাইভ, এক্সটারনাল হার্ডড্রাইভ, তারহীন মাউস, এলইডি মনিটর, ব্যাকপ্যাক, টি-শার্ট কিংবা একটি অপটিপ্লেক্স ডেস্কটপ। যোগাযোগ : ০১৭৩০৩৪১৫২৩ ◆

## এএমডি এফএক্স-৪৩০০ প্রসেসর বাজারে



বাজেটের মধ্যে ক্রেতাদের সেরা পণ্য ব্যবহারের সুযোগ দেয়ার লক্ষ্যে বাংলাদেশের প্রথমসারির আইটি পণ্য পরিবেশক প্রতিষ্ঠান ইউসিসি বাজারে এনেছে বিশ্বখ্যাত এএমডি ব্র্যান্ডের ৪ কোর সিরিজের প্রসেসর এফএক্স-৪৩০০। কোরআই৩ সমতুল্য বলা হলেও এফএক্স-৪৩০০ কোরআই৩ থেকে বেশি কার্যক্ষম, কারণ প্রসেসরটির ক্লকস্পিড ৩.৮ গিগাহার্টজ (টার্বো মোডে এর গতি বাড়ানো যায় ৪.০ গিগাহার্টজ পর্যন্ত)। ৩২ ন্যানোমিটারে তৈরি ৪ কোরের এই প্রসেসরটিতে ব্যবহার হয়েছে পাইলড্রাইভার প্রযুক্তি, যা বুলডোজার প্রযুক্তি থেকে বেশি কার্যক্ষম। প্রসেসরটির বিদ্যুৎ খরচ ৬৫ ওয়াট এবং ক্যাশ মেমরি ৮ এমবি। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ৮৮০-১৮৩৩৩৩১৬০১-১৭ ◆

## মাইক্রোনেটের ওয়্যারলেস ল্যান ইউএসবি অ্যাডাপ্টার



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে মাইক্রোনেট ব্র্যান্ডের এসপি৯০৭এনএস মডেলের নতুন ওয়্যারলেস ল্যান ইউএসবি অ্যাডাপ্টার। ইউএসবি ২.০ ও ১.১ ইন্টারফেস সমর্থিত ক্ষুদ্রাকৃতির এ ল্যান অ্যাডাপ্টারটিকে অনায়াসে যেকোনো পিসির সাথে সংযোগ দেয়া যায়। এটি আইট্রিপলই ৮০২.১১বি/জি/এন স্ট্যান্ডার্ড ও ২.৪ গিগাহার্টজ ফ্রিকোয়েন্সি ব্যান্ডে সর্বোচ্চ ১৫০ মেগাবিট/সেকেন্ড ডাটা রেটে কাজ করে। মিমো (মাল্টি-ইন, মাল্টি-আউট) টেকনোলজিসহ এটি ডব্লিউইপি, ডব্লিউপিএ, ডব্লিউপিএ২ এনক্রিপশন প্রভৃতি নেটওয়ার্ক সিকিউরিটি পদ্ধতি সমর্থন করে। দাম ১ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩ ◆

## রেডহ্যাট এন্টারপ্রাইজ ক্লাস্টেরিং অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ ক্লাস্টেরিং অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## অ্যাভিরা ক্রিকেট ক্যুইজ প্রতিযোগিতা

বাংলাদেশ বনাম নিউজিল্যান্ড ওয়ানডে সিরিজ ও টি-টুয়েন্টি উপলক্ষে 'অ্যাভিরা ক্রিকেট ক্যুইজ' প্রতিযোগিতা শুরু করেছে স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড। প্রতিযোগিতায় প্রতিটি খেলার আগে একটি করে প্রশ্ন থাকবে।




প্রতি প্রশ্নের সঠিক উত্তরদাতাকে দেয়া হবে একটি অ্যাভিরা ইন্টারনেট সিকিউরিটি ২০১৩ সফটওয়্যার ও একটি ৮ গিগাবাইট টুইনমস পেনড্রাইভ। প্রতিযোগিতায় অংশ নিতে কিংবা বিস্তারিত জানতে facebook.com/AviraBangladesh লিঙ্কে ভিজিট করতে হবে ◆

## সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটর (সিসা) কোর্সে ভর্তি

সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটরের (সিসা) কাজের চাহিদা প্রতিনিয়তই বাড়ছে। আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে সিসা কোর্সে ভর্তি চলছে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## ডাটাবেজ সফটওয়্যার ওরাকল প্রশিক্ষণ


আইবিসিএস-প্রাইমেক্সে ওরাকল ১০জি ডিবিএ ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। অভিজ্ঞ প্রশিক্ষকদের তত্ত্বাবধানে এ কোর্স শেষ করে প্রশিক্ষণার্থীরা বিভিন্ন ব্যাংক, বীমা ও বহুজাতিক কোম্পানিতে চাকরির সুযোগ পাবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## এলজির এলইডি মনিটর



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজির ২২ইএ৬৩ভি মডেলের নতুন এলইডি মনিটর। সিনেমা স্ক্রিন ডিজাইনের এ মনিটরটি খুবই সরু ফ্রেমের ও আকর্ষণীয়। আইপিএস প্যানেলের ১৬:৯ প্রশস্ত পর্দার এ মনিটরটির ডিসপ্লে সাড়ে ২১ ইঞ্চি, যার রেজ্যুলেশন ১৯২০ বাই ১০৮০ পিক্সেল, রেসপন্স টাইম ৫ মিলি সেকেন্ড, ভিউয়িং অ্যাঙ্গেল ১৭৮ ডিগ্রি/১৭৮ ডিগ্রি, ডিজিটাল ফাইন কন্ট্রাস্ট রেশিও ১০০০০০০০:১। মনিটরটি সুপার এনার্জি সেভিং প্রযুক্তির, তাই বিদ্যুৎসাশ্রয়ী এবং পরিবেশবান্ধব। এছাড়া এতে রয়েছে ডি-সাব, ডিভিআই-ডি, এইচডিএমআই, অডিও-ইন সংযোগ সুবিধা। দাম ১৪ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২ ◆

## এইচপির সাদা ল্যাপটপ



এইচপি প্যাভিলিয়ন সিরিজের ১৪ ইঞ্চি পর্দার ল্যাপটপ বাজারে এনেছে কমপিউটার সোর্স। শিক্ষার্থী ছাড়াও চাকরিজীবীদের পেশাদারি জীবনের সঙ্গী হিসেবে বিবেচিত তৃতীয় প্রজন্মের এ ল্যাপটপের রং সাদা। ই০০৫টিইউ মডেলের এ ল্যাপটপে রয়েছে ইন্টেল কোরআই৫ প্রসেসর। এর প্রসেসিং গতি ২.৬ গিগাহার্টজ। এছাড়া রয়েছে ৪ জিবি ডিডিআর থ্রি র‍্যাম ও ৭৫০ জিবি হার্ডডিস্ক। এক বছরের বিক্রয়োত্তর সেবাযুক্ত এ ল্যাপটপের দাম ৫৩ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০০০৯৩ ◆

## আসুসের পিসিআই ইথারনেট নেটওয়ার্ক অ্যাডাপ্টার



আসুসের এনএক্স১০০১ মডেলের পিসিআই ইথারনেট নেটওয়ার্ক অ্যাডাপ্টার বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। প্লাগ অ্যান্ড প্লে ডিভাইসটি হাফ ডুপ্লেক্স ও ফুল ডুপ্লেক্স সমর্থন করে। অ্যাডাপ্টারটি ৩২ বিট পিসিআই ২.২ ইন্টারফেসের, যা ১০/১০০ এমবিপিএস ডাটা রেটে কাজ করে। এতে রয়েছে একটি আরজে-৪৫ কানেক্টর পোর্ট। নেটওয়ার্ক অ্যাডাপ্টারটি ক্রশ-ওভার ডিটেকশন ও অটো-কারেকশন করতে পারে। দাম ৩৫০ টাকা। যোগাযোগ : ০১৯১৫৪৭৬৩৫৩ ◆